


২০ বছর পর জকসু নীতিমালা পাস

অনলাইন ডেক্ষ



সংযুক্ত ছবি

জগন্মাথ বিশ্ববিদ্যালয় (জবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু)

নির্বাচনের নীতিমালার অনুমোদন দিয়েছেন রাষ্ট্রপতি। সোমবার

(২৭ অক্টোবর) জকসু নীতিমালা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড.

মোহাম্মদ বিলাল হোসাইন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, ‘জকসু নীতিমালায় রাষ্ট্রপতি স্বাক্ষর করেছেন। এবার

নির্বাচন কমিশন গঠন ও তফসিল ঘোষণা করা হলে

আনুষ্ঠানিকভাবে জকসুর কাজ এগোবে।

এরই মধ্য দিয়ে নির্ধারিত সময় জকসু নির্বাচন অনুষ্ঠিত হবে বলে

আমরা আশাবাদী।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো রেজাউল

করিম বলেন, ‘আমি শুনেছি রাষ্ট্রপতি স্বাক্ষর করেছেন। এটা

আমরা হাতে না পাওয়া পর্যন্ত তেমন কিছু বলতে চাই না। এর
মধ্যে কোনো অনাকাঙ্ক্ষিত কিছু না হলে, আমরা কাঙ্ক্ষিত সময়
জকসু নির্বাচন করতে পারব।

,

এর আগে গত ১৩ অক্টোবর কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন (জকসু)
নীতিমালার সংশোধনী শিক্ষা মন্ত্রণালয়ে চূড়ান্ত করা হয়েছে। এ
ছাড়া গত ১১ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ে বৈঠকের জন্য আহ্বায়ন
করা হয়।

প্রসঙ্গত, বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার পর জৰিতে এ
পর্যন্ত কেন্দ্রীয় ছাত্র সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়নি। দীর্ঘদিন ধরে
শিক্ষার্থীরা জকসু নির্বাচনের দাবিতে আন্দোলন করে আসছে।

এর আগে গত ৭ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) কেন্দ্রীয়
ছাত্র সংসদ (জকসু) নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্য
বিশ্ববিদ্যালয় প্রশাসন ৫ সদস্যবিশিষ্ট একটি নির্বাচন প্রস্তুতি কমিটি
গঠন করে।

গত ১৭ সেপ্টেম্বর জকসুর রোডম্যাপ প্রকাশ করে বিশ্ববিদ্যালয়
প্রশাসন, যা আইন পাস হওয়া সাপেক্ষে বাস্তবায়ন করা হবে বলে
জানানো হয়। ওই রোডম্যাপ অনুযায়ী ২৭ নভেম্বর নির্বাচন
অনুষ্ঠিত হবে বলে জানানো হয়।